**PG/IVS/BEN-2403/11**

২০১১

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায় — ৪

এককক্রম — বি. এল. - ২৪০৩

*পূর্ণমান* : ৪০

*সময়* : ২ ঘণ্টা

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

বিশেষ পত্র — ১

( *ভাষা বিজ্ঞান ও ভাষাসমীক্ষা* )

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

১। শৈলীবিজ্ঞানের সাহায্যে ভাষার বিভিন্ন স্তরে কীভাবে শৈলী বিশ্লেষণ করা হয় সংক্ষেপে আলোচনা করো। ১০

( *Turn Over* )

অথবা

(*i*) সমান্তরালতা (parallelism ) সম্পর্কে ধারণা দাও। ৫

(*ii*) টীকা লেখো (যে কোন *দু'টি*) : $২\frac{১}{২} + ২\frac{১}{২}$

সাইকো-স্টাইলিস্টিক্স (Psyco-Stylistics ),
স্টাইলো-স্ট্যাটিস্টিক্স (Stylo-Statistics )
প্রমুখন (Foregrounding )

২। টীকা লেখো (যে কোন *চারটি*) : $২\frac{১}{২} \times ৪$

(ক) Deixis

(খ) Agraphia, Alexia

(গ) Presupposition

(ঘ) Holophrastic stage

(ঙ) শিশুর ভাষাজ্ঞানের পথে 'Acquisition' এবং 'Learning'-এর পার্থক্য

(চ) দ্বিতীয় ভাষাশিক্ষার ক্ষেত্রে 'The grammar-translation method'

(ছ) Broca's Area.

*অথবা*

মাথার সুনির্দিষ্ট অঞ্চল ভাষা-কাজকর্ম পরিচালন করে — এই localization ধারণা কোন কোন ধরণের পরীক্ষায় সমর্থিত হয়েছে আলোচনা করো। ১০

৩। ভাষাচর্চার ক্ষেত্রে ফার্দিনান্দ দ্য সোস্যুর-এর মৌলিক ভাবনাগুলি লেখো। ১০

*অথবা*

টীকা লেখো : ৫ + ৫

(*i*) গ্রীমের সূত্র (Grimm's Law)

(*ii*) উপাদানগত বিবিধ ভাষাঋণ।

৪। টীকা লেখো : ৫ + ৫

(*i*) প্রাচীন ও মধ্যযুগীয় লিপিপত্র ও লেখনী

(*ii*) চিত্রলিপি (Pictogram ) ও চিত্রপ্রতীক লিপি (Hieroglyph )।

*অথবা*

ব্রাহ্মীলিপির উদ্ভব থেকে বাংলা লিপির উদ্ভব পর্যন্ত বিবর্তনের ধারাটি লেখো। ১০

## বিশেষ পত্র — ২

## ( *মধ্যযুগের সাহিত্য* )

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

১। চৈতন্যভাগবত অনুসারে চৈতন্য অবতারের হেতু বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা*

চৈতন্যভাগবতে বিম্বিত সমকালীন সামাজিক-অর্থনৈতিক-ধর্মনৈতিক অবস্থার বর্ণনা দাও।

২। আলাওলের 'পদ্মাবতী' কাব্যে মূলের অনুসরণ ও কবির স্বাতন্ত্র্য সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

'পদ্মাবতী' কাব্যে আলাওলের পাণ্ডিত্যের যে পরিচয় মেলে সে সম্পর্কে আলোচনা করো।

৩। বিদ্যাপতির প্রার্থনা পর্যায়ের পাঠ্য পদটিকে বৈষ্ণব রসতত্ত্বের আধারে বিচার করা চলে কিনা আলোচনা করো। ১০

*অথবা*

'আঙ্কল প্রেম পহিলে নহি জানলুঁ' পদটি কোন্ পর্যায়ের ? পদটিতে মানবজীবনের প্রেম দর্শন ও ভক্ত বৈষ্ণবের প্রেমদর্শন কীভাবে মিশ্রিত হয়েছে বুঝিয়ে দাও।

৪। ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কীভাবে অষ্টাদশ শতকের সমাজজীবনের কাব্যকথা হয়ে উঠেছে বিশ্লেষণ করে দেখাও। ১০

*অথবা*

'নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে'— ভারতচন্দ্রের এই উক্তি তাঁর অন্নদামঙ্গল কাব্যের রচনা কৌশলের মধ্যে কতখানি প্রতিফলিত হয়েছে তা নিজের ভাষায় ব্যক্ত করো।

## বিশেষ পত্র — ৩

## ( *লোকসংস্কৃতি ও লোকসাহিত্য* )

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

১। ( ক ) লোকসংস্কৃতির বৈশিষ্ট্যগুলি কি কি? 'FOLKLORE' শব্দটির বাংলা প্রতিশব্দগুলি অধিকাংশই সঙ্গত নয় — তিনটি দৃষ্টান্ত দিয়ে বক্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো। ৪ + ৬

*অথবা*

( খ ) দৃষ্টান্ত সহকারে সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো *দুটি* ) : ৫ + ৫

লোকক্রীড়া, মেদিনীপুরের লোকশিল্প, শিষ্টসংস্কৃতি ও লোকসংস্কৃতি।

২। (ক) লোকনাট্য কী ? কয়েকটি লোকনাট্যের নাম করো এবং যে কোন একটি লোকনাট্য সম্পর্কে আলোচনা করো। ২ + ২ + ৬

*অথবা*

(খ) ধাঁধা কাকে বলে ? ধাঁধার শ্রেণীবিভাগ করে প্রতিটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্ত সহকারে আলোচনা করো। ৩ + ৭

৩। (ক) লোকসাহিত্য বিচারের ক্ষেত্রে তুলনামূলক পদ্ধতির মূল বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতির সীমাবদ্ধতাগুলি কি কি ? যে কোনো একটি লোককথাকে এই পদ্ধতিতে বিচার করো। ৪ + ৬

৪। (ক) লোকসংস্কৃতিতে মোটিফ কি ?মোটিফ ইনডেক্স-এর বিশদ বর্ণনা করো। যে কোনো একটি কথার মোটিফ ইনডেক্স বিচার করো। ৩ + ৪ + ৩

*অথবা*

(খ) টীকা লেখো (যে কোনো *দুটি*) : ১০

কার্লে ক্রোন্, টাইপ্, রূপকথা।

## বিশেষ পত্র — ৪

## ( *নাটক* )

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

১। 'আগন্তুক' নাটকের বিষয়বস্তুর উল্লেখ করে এই নাটকে অতিপ্রাকৃতের ব্যবহার কতোটা শিল্পসম্মত হয়েছে তা আলোচনা করো। ১০

*অথবা*

অ্যাবসার্ড নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করে 'বাজপাখি' নাটকটিকে অ্যাবসার্ড নাটক বলা যায় কিনা সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

২। গিরিশচন্দ্রের 'সিরাজদ্দৌলা' নাটকের মতো শচীন্দ্রনাথের 'সিরাজদ্দৌলা' নাটকেও আছে দেশপ্রেম ও বাঙালি-চেতনার প্রকাশ।— মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

*অথবা*

শচীন্দ্রনাথের 'সিরাজদ্দৌলা' নাটকে আলেয়া ও গোলাম হোসেনের ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

৩। উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটকে কেন তলোয়ার ইস্পাতের না হয়ে টিনের হয়েছে এবং নাটকে তা কী তাৎপর্য বহন করেছে বিশ্লেষণ করে দেখাও। ১০

*অথবা*

'টিনের তলোয়ার' নাটকে চরিত্রসৃষ্টিতে নাট্যকারের দক্ষতার পরিচয় দাও।

৪। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে কবিতা ও গান ব্যবহারের উপযোগিতা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

'এবং ইন্দ্রজিৎ' নাটকে মধ্যবিত্ত জীবনের যে ছবি ফুটে উঠেছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

## বিশেষ পত্র — ৫

## ( *রবীন্দ্র সাহিত্য* )

### প্রথমার্ধ

*সকল প্রশ্নের মান সমান*

১। 'শেষসপ্তক' কাব্যগ্রন্থে গদ্যছন্দের ব্যবহার কবিতাগুলিকে যে অভিনবত্বের দীপ্তিতে সাজিয়ে তুলেছে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

'শেষ সপ্তক' কাব্যে রবীন্দ্রনাথের নিসর্গ বর্ণনার যে সুর বদল ঘটেছে দৃষ্টান্ত সহ তার স্বরূপ বিশ্লেষণ করো।

২। 'শেষের কবিতা' উপন্যাস অবলম্বনে রবীন্দ্রনাথেব প্রেম-দর্শনের পরিচয় দাও।

*অথবা*

শেষের কবিতা উপন্যাসে ব্যবহৃত কবিতাগুলির প্রাসঙ্গিকতা ও শিল্পসার্থকতা বিচার করো।

৩। 'চিত্রাঙ্গদার কাহিনী সূত্রটিতে পুরাণ থাকলেও, চিত্রাঙ্গদায় রবীন্দ্রনাথ নবীন প্রজন্মের নারী স্বাধীনতার কথাই ঘোষনা করেছেন।— মন্তব্যটির আলোকে কাব্য নাট্যটির বিশ্লেষণ করো।

*অথবা*

'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে চিত্রাঙ্গদার মনস্তত্ত্ব সম্পর্কে আলোচনা করো।

৪। মানবতাবাদের পটভূমিতে রবীন্দ্রনাথের 'মানুষের ধর্ম' বইটির বক্তব্য প্রতিষ্ঠা করো।

*অথবা*

'মানুষের ধর্ম'-র প্রেরণারূপে বেদ-উপনিষদের ভূমিকা পর্যালোচনা করো।

বিশেষ পত্র — ৬

( *তুলনামূলক প্রতিবেশী সাহিত্য* )

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

১। গোদান উপন্যাসে প্রেমচন্দ ভারতীয় কৃষক জীবনের যে রূপ অঙ্কন করেছেন তার পরিচয় দাও। ১০

*অথবা*

গোদান উপন্যাসের পটে মালতি-মেহ্‌তা এবং মাতাদীন-সিলিয়া উপকাহিনী দুটির সার্থকতা বিচার করো।

২। শ্রীরাধা ও ব্রজাঙ্গনা কাব্য গ্রন্থদুটির তুলনামূলক আলোচনা করো। ১০

*অথবা*

গালিবের গজলে যে প্রেমচেতনা ও মানবিকতাবোধ প্রকাশিত তা উদাহরণসহ পর্যালোচনা করো।

৩। কারেঙ লিগিরি নাটকের পটভূমি মধ্যযুগীয় হলেও সুন্দর চরিত্রটি প্রগতিবাদের প্রতীক— বিশ্লেষণ করো। ১০

*অথবা*

কারেঙ লিগিরি নাটকে ইবসেন-এর নাট্যরীতির প্রভাব আলোচনা করো।

৪। কৃশন চন্দর এক প্রতিনিধি রচনারূপে তাঁর ঝাড়ুদার ছোটোগল্পটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

বিজয় উৎসব ছোটোগল্পটি রচনায় কালিন্দীচরণ পাণিগ্রাহীর কৃতিত্বের পরিচয় দাও।

---